

# উচ্চমাধ্যমিক শ্রেণিতে ভর্তি নির্দেশনা

## কলেজে ভর্তি সংক্রান্ত সাধারণ তথ্য ও নিয়মাবলী:

- দেশের যেকোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উচ্চক বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ নির্ধারিত শিক্ষার্থীগণ নির্দিষ্ট শিক্ষাবর্ষে ভর্তির জন্য প্রাথমিকভাবে যোগ্য বলে বিবেচিত হবে।
- বিদেশী কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা, কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য হবে।
- ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নলিপ শাখা নির্বাচন করতে পারবে।
  - বিজ্ঞান শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি শাখায় ভর্তি হতে পারবে।
  - মানবিক শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটি শাখায় ভর্তি হতে পারবে।
  - ব্যবসায় শিক্ষা শাখা হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার যে কোন একটি শাখায় ভর্তি হতে পারবে।
- ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর নির্দেশনা মোতাবেক কেবলমাত্র অনলাইনে এবং টেলিটেক এসএমএস (SMS) এর মাধ্যমে আবেদন করতে হবে।
- ভর্তির সময় প্রার্থীকে এসএসসি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের মূল ও ফটোকপি, প্রশংসাপত্রের মূল ও ফটোকপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, প্রবেশপত্রের ফটোকপি এবং ৩ কপি পাসপোর্ট সাইজের ও ২ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি জমা দিতে হবে।
- কানো পার্থ বিরতি ১ বছর থাকলে বিরতির কারণ দেখিয়ে গেজেটেড অফিসের নিকট থেকে গৃহীত সার্টিফিকেট দাখিল করতে হবে এবং নির্ধারিত হারে পার্থ বিরতি ফি জমা দিতে হবে।
- ভর্তির পরেই বোর্ডের তারিখ অনুযায়ী রেজিস্ট্রেশন ফরম কলেজের অফিস থেকে গ্রহণ করে যথাযথভাবে পূরণ করে জমা দিতে হবে। ভর্তির পর শিক্ষার্থীরা অফিস থেকে নিজ নিজ পরিচয়পত্র সংগ্রহ করবে এবং কলেজ পরিচয়-পত্রবিহীন কোনো শিক্ষার্থীকে কলেজে প্রবেশ করতে দেয়া হবে না।
- ভর্তির সময় কলেজের নির্ধারিত UCB ব্যাংকে জমা দিতে হবে। কানো সঙ্গে ব্যক্তিগত কোন লেনদেন করা সম্পূর্ণ নিষিদ্ধ।
- ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নির্দেশনা অনুযায়ী প্রথমে ছাড়পত্র গ্রহণ করতে হবে। অতপর ক্রমিক ৮ এ উল্লিখিত প্রক্রিয়ায় ভর্তি কর্তৃক্রম সম্পন্ন করতে হবে।
- ঢাকা শিক্ষা বোর্ড ব্যাংকে অন্য বোর্ড থেকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীর নাম রেজিস্ট্রেশনের জন্য সংশ্লিষ্ট বোর্ডের মূল রেজিস্ট্রেশন কার্ড এবং ছাড়পত্রের মূল কপি ও অনুলিপি জমা দিতে হবে। উল্লেখ্য যে, ছাড়পত্রে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে হবে।
- ছাড়পত্রের মাধ্যমে অন্য কলেজে ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীকে প্রথমে শিক্ষাবোর্ডের নির্দেশনা অনুযায়ী ছাড়পত্রের অনুমতি নিতে হবে। অতপর কলেজের সকল পাওলাদি পরিশোধ করে কলেজ কর্তৃপক্ষ থেকে ছাড়পত্র গ্রহণ করতে হবে।
- ভর্তি ফরম অসম্পূর্ণ থাকলে এবং প্রসপেক্টাসে বর্ণিত প্রয়োজনীয় সকল কাগজপত্র প্রদানে ব্যর্থ হলে ভর্তির বিষয় বিবেচনা করা হবে না।
- ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থীর বর্তমান ঠিকানা পরিবর্তনের সঙ্গে সঙ্গে কলেজ অফিসে লিখিতভাবে জানাতে হবে।
- সকল শিক্ষার্থী সময়ে সময়ে শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ড ও সংশ্লিষ্ট দপ্তর এবং কলেজ কর্তৃক জারীকৃত নিয়ম-কালুন ও নির্দেশনা মেনে চলতে বাধ্য থাকবে।
- ভর্তির সময়ে প্রত্যেক শিক্ষার্থীর বাবা / মা নিজে উপস্থিতি থেকে প্রয়োজনে স্থানীয় অভিভাবক নিয়োগ করবেন। এক্ষেত্রে কলেজের অফিসে রাঙ্কিত অ্যালবামে স্থানীয় অভিভাবকের ছবি এবং স্বাক্ষর বাবা / মা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ভর্তি ফরম ২০০/- টাকা। নগদ জমা দিয়ে ভর্তি ফরম, বেতন বই ও কলেজ পরিচিতি সংগ্রহ করে উপস্থিতি হয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

### প্রযোজনীয় কাগজপত্র

- একাডেমিক ট্রান্সক্রিপ্টের মূল কপি ও ফটোকপি  
এসএসসি পাসের প্রশংসাপত্রের মূল কপি ও ফটোকপি  
এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি  
এসএসসি পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি  
৩ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি।

# ২০১৮-২০১৯ সালে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ভর্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক নির্ধারিত নিয়মাবলী:

## অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন

অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০ (দশ)টি কলেজের জন্যে পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। এসএমএস এর মাধ্যমে প্রতি কলেজের জন্যে ১২০/- (একশত বিশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজে পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০টি কলেজে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

## ইন্টারনেট আবেদনের জন্য করণীয়

টেলিটক প্রি-পেইড মোবাইল Massage অপশনে গিয়ে CAD <SPACE> WEB <SPACE> বোর্ডের নামের প্রথম ৩ অক্ষর <Space> এস.এস.সি পরীক্ষার রোল নং <Space> পাশের সন <SPACE> রেজিস্ট্রেশন নম্বর লিখে 16222 তে Send করতে হবে।

উপরে বর্ণিত SMS টি সফলভাবে সম্পন্ন হলে ফিরতি SMS-এ আবেদনকারীর নাম, শিক্ষাবোর্ড, পাসের সন এবং রোল নম্বরসহ আবেদন ফি বাবদ ১৫০/- টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি PIN কোড প্রদান করা হবে। ফি প্রদানে সম্মত থাকলে Massage অপশনে গিয়ে CAD <SPACE> YES <SPACE> PIN <SPACE> Contact Number লিখে ১৬২২২ Send নম্বরে করতে হবে।

**উদাহরণ:** ঢাকা বোর্ড থেকে পাসকৃত শিক্ষার্থীরা CAD WEB DHA 104285 2017 4320121584 লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে।

**ফি নিশ্চিতকরণ:** CAD YES xxxxx 01\*\*\*\* লিখে 16222 তে SEND করতে হবে।

টেলিটকের মাধ্যমে আবেদন ফি ১৫০/- টাকা জমা দেয়ার পর আবেদনকারীকে নির্ধারিত website -এ (<http://xiclassadmission.gov.bd>) গিয়ে Apply Online -এ Click করতে হবে: এরপর প্রদর্শিত তথ্য ছকে পরীক্ষার রোল নম্বর, বোর্ড, পাসের সন ও রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। আবেদনকারীর তথ্য দেয়া সঠিক হলে সে তার ব্যক্তিগত তথ্য ও পরীক্ষায় প্রাপ্ত জিপিএ দেখতে পাবে।

এরপর শিক্ষার্থীর মোবাইল নম্বর (ফি প্রদানের সময় প্রদত্ত মোবাইল নম্বর) এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটা দিতে হবে।

অতঃপর তাকে শিক্ষা প্রতিষ্ঠান, গ্রুপ, শিফট এবং ভার্সন সিলেক্ট করতে হবে। এভাবে শিক্ষার্থী সর্বোচ্চ ১০টি কলেজ সিলেক্ট করতে পারবে।

এরপর আবেদনকারী Preview Application Button-এ ক্লিক করে তার আবেদনকৃত কলেজের তথ্য ও পছন্দক্রম দেখতে পারবে।

Preview-এ দেখানো তথ্যসমূহ সঠিক হলে আবেদনকারী Submit Button-এ ক্লিক করবে।

আবেদনটি সফলভাবে Submit করা হলে আবেদনকারী তার প্রদত্ত মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাবে এবং সাথে একটি সিকিউরিটি কোড দেয়া হবে। এই সিকিউরিটি কোডটি গোপনীয়তা ও সর্তকার সাথে সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে আবেদন সংশোধন ও ভর্তি সংক্রান্ত কাজে ব্যবহার করতে হবে।

আবেদনকারী ঢাইলে উক্ত ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিতে পারবে।

## SMS -এর মাধ্যমে ভর্তির আবেদন

\*\*\* শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে আবেদন করা যাবে। \*\*\*

টেলিটক প্রি-পেইড মোবাইল Massage অপশনে গিয়ে CAD <SPACE> EIIN <SPACE> Group এর প্রথম অক্ষর <SPACE> বোর্ডের নামের প্রথম ৩ অক্ষর <SPACE> এস.এস.সি পরীক্ষার রোল নং <SPACE> পাশের সন <SPACE> রেজিস্ট্রেশন নম্বর <SPACE> ভর্তিচ্ছুক শিফট <SPACE> ভার্সন <SPACE> কোটার নাম লিখতে হবে। বিজ্ঞান শাখার জন্য SC ব্যবসায় শিক্ষার জন্য BS মানবিক শাখার জন্য HU লিখতে হবে।

**কোটার ক্ষেত্রে:** মুক্তিযোদ্ধা কোটার জন্য FQ এবং শিক্ষা মন্ত্রণালয়ের অধীন্তন দপ্তরসমূহ, স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী এবং প্রতিষ্ঠানের গভনিং বডিতে সদস্যদের সন্তানদের কোটায় জন্য EQ এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত বিশেষ কোটার জন্য SQ লিখতে হবে। কোন শিক্ষার্থীর একাধিক কোটায় আবেদন করার যোগ্যতা থাকলে কমা (,) দিয়ে একাধিক কোটা উল্লেখ করতে হবে।

**উদাহরণ:** ঢাকা বোর্ড থেকে পাসকৃত বিজ্ঞান শাখায় মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজে ভর্তি জন্য SMS করার পদ্ধতি হলো : CAD 132107 SC DHA xxxxxxxx 2018 XXXXXXXXX M B লিখে 16222 তে SEND করতে হবে। ইংরেজি মাধ্যমে ভর্তির জন্য M B পরিবর্তে D E লিখতে হবে।

ঢাকা বোর্ড থেকে পাসকৃত ব্যবসায় শিক্ষা শাখায় মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজে ভর্তি জন্য SMS করার পদ্ধতি হলো :CAD 132107 BS DHA xxxxxxxx 2017 xxxxxxxxx M B লিখে 16222 তে SEND করতে হবে। ইংরেজি মাধ্যমে ভর্তির জন্য M B পরিবর্তে D E লিখতে হবে।

ঢাকা বোর্ড থেকে পাসকৃত মানবিক শাখায় মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজে ভর্তি জন্য SMS করার পদ্ধতি হলো : CAD 132107 HU DHA xxxxxxxx 2017 xxxxxxxxxxx M B লিখে 16222 তে SEND করতে হবে। ইংরেজি মাধ্যমে ভর্তির জন্য M B পরিবর্তে D E লিখতে হবে।

টেলিটক মোবাইল ফিরতি মেসেজ আসবে। সেখান থেকে PIN নম্বার সংগ্রহ করে পুনরায় CAD <Space> YES <Space> PIN <Space> নিজের ব্যবহৃত যে কোন Mobile number লিখে 16222 তে SEND করতে হবে।

উদাহরণ: CAD YES xxxxx 01\*\*\*\* লিখে 16222 তে SEND করতে হবে।

ভার্সনের ক্ষেত্রে : মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল এন্ড কলেজে আবেদন করতে M B অথবা D E লিখতে হবে।

অনলাইনে আবেদনের জন্য ভিজিট করুন <http://xiclassadmission.gov.bd>

### ভর্তির অন্যান্য তথ্য

আবেদনের ন্যূনতম যোগ্যতা-

বিভাগ	জিপিএ
বিজ্ঞান	৪.৭৫
ব্যবসায় শিক্ষা	৩.২৫
মানবিক	২.৫০

শুধুমাত্র ২০১৬, ২০১৭ এবং ২০১৮ সালে এসএসসি/দাখিল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে শুধুমাত্র ২০১৫, ২০১৬ এবং ২০১৭ সালে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

১৩ মে থেকে ২৪ মে ২০১৮ ইং পর্যন্ত ভর্তির জন্য আবেদন করা যাবে।

১ম ফলাফল প্রকাশ: ১০/৬/২০১৮। শিক্ষার্থীরা কলেজ নিশ্চয়ন করবে ১১-১২ জুন ২০১৮

### **ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ, প্রকাশ এবং মাইগ্রেশন:**

৩টি পর্যায়ে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে এবং সর্বোচ্চ ২বার মাইগ্রেশন করার সুযোগ দেয়া হবে।

### **১ম পর্যায়ের ফলাফল প্রক্রিয়াকরণ:**

একজন শিক্ষার্থী তার আবেদনের সময় দেয়া কলেজ পছন্দক্রম ও এসএসসি / সমমান পরীক্ষার ফলাফল, কোটা ইত্যাদির ভিত্তিতে শুধুমাত্র ১টি কলেজেই সিলেকশন পাবে।

নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে বোর্ড রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়ে নির্বাচিত কলেজে প্রথমিক ভর্তি নিশ্চয়ন করবে। উক্ত শিক্ষার্থী ইচ্ছা করলে রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার পর কলেজ পরিবর্তনের (মাইগ্রেশন) জন্য অপশন দিতে পারবে এবং এক্ষেত্রে কলেজ পছন্দক্রম পরিবর্তনও করতে পারবে। উল্লেখ্য যে, প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই ১৮৫/- টাকা জমা দিয়ে ভর্তি নিশ্চয়ন করতে হবে। অন্যথায় শিক্ষার্থীর মনোনয়ন ও আবেদন বাতিল হবে। এমন শিক্ষার্থী ইচ্ছা করলে পরবর্তী পর্যায়ের জন্য আবেদন ফি জমা দিয়ে নতুন আবেদন করতে পারবে।

যে সকল শিক্ষার্থী আবেদনকৃত কোন কলেজেই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতোপূর্বে কোন কলেজেই আবেদন করে নাই তারা আবেদন ফি জমা সাপেক্ষে আবেদন করতে পারবে।

### **২য় পর্যায়ের ফলাফল প্রক্রিয়াকরণ:**

মাইগ্রেশনের জন্য আবেদনকৃত একজন শিক্ষার্থীকে তার চাহিত কলেজে আসন থালি থাকা সাপেক্ষে এবং মেধাক্রমের ভিত্তিতে শুধুমাত্র ১টি কলেজেই মাইগ্রেট করা হবে এবং নতুন আবেদনকৃত শিক্ষার্থীদেরকে প্রথম পর্যায়ের মত একইভাবে কলেজে সিলেকশন দেয়া হবে।

এক্ষেত্রেও নতুন সিলেকশন পাওয়া শিক্ষার্থী নিজেই বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা অনলাইনে জমা দিয়ে নির্বাচিত কলেজে প্রাথমিকভাবে ভর্তি নিশ্চায়ন করবে। ১ম পর্যায়ে যারা বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছিল, তাদের আর এই ফি জমা দিতে হবে না।

এ পর্যায়েও প্রাথমিক নিশ্চায়নকারী শিক্ষার্থী ইচ্ছা করলে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার পর কলেজ পরিবর্তন (মাইগ্রেশন) অপশন দিতে পারবে এবং এক্ষেত্রে কলেজ পছন্দক্রম পরিবর্তনও করতে পারবে।

যে সকল শিক্ষার্থী আবেদনকৃত কোন কলেজেই সিলেকশন পাবে না তারা পুনরায় আবেদন ফি ব্যতীত এবং যারা ইতোপূর্বে কোন কলেজেই আবেদন করে নাই তারা আবেদন ফি জমা সাপ্তক্ষে আবেদন করতে পারবে।

### ৩য় পর্যায়ের ফলাফল প্রক্রিয়াকরণ:

এ পর্যায়েও একই পদ্ধতিতে ফলাফল প্রক্রিয়াকরণ করা হবে এবং শিক্ষার্থী একইভাবে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা অনলাইনে জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চায়ন করবে। ১ম অথবা ২য় পর্যায়ে যারা বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়ে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছিল তাদের আর এই ফি জমা দিতে হবে না।

### চূড়ান্ত ফলাফল প্রকাশ:

ফলাফল প্রক্রিয়াকরণের পর নির্দিষ্ট তারিখে শিক্ষার্থীদেরকে SMS এর মাধ্যমে ফলাফল জানানো হবে এবং একই সাথে SMS এ একটি গোপনীয় Security Code প্রদান করা হবে। এই Security Code টি ভর্তির নিশ্চায়নের জন্য সংরক্ষণ করতে হবে। এছাড়াও শিক্ষার্থীরা ভর্তির ওয়েবসাইট <http://xiclassadmission.gov.bd> থেকে ভর্তির বিস্তারিত ফলাফল জানতে পারবে।

### কলেজে ভর্তি:

নির্ধারিত তারিখে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট কলেজে প্রেরণ করা হবে। অতঃপর ভর্তির জন্য নির্ধারিত তারিখে শিক্ষার্থী কলেজে উপস্থিত হয়ে প্রয়োজনীয় কাগপত্র ও অনুমতিপত্র ফি জমা দিয়ে ভর্তি হবে এবং কলেজ শিক্ষার্থীর Security Code ব্যবহার করে ভর্তির চূড়ান্ত নিশ্চায়ন করবে।

### আবেদন, ফলপ্রকাশ, ভর্তি ও ক্লাস শুরুর সময়সূচি:

বিষয়	তারিখ
ভর্তির জন্য অন্লাইন ও এসএমএস আবেদন গ্রহণ (যারা পুন:নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদের ও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে)	১৩/০৫/২০১৮ থেকে ২৪/০৫/২০১৮
আবেদন যাচাই-বাচাই ও আপত্তি নিষ্পত্তি	২৫/০৫/২০১৮ থেকে ২৭/০৫/২০১৮
শুধুমাত্র পুন:নিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	০৫/০৬/২০১৮ থেকে ০৬/০৬/২০১৮
১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	১০/০৬/২০১৮
শিক্ষার্থীর সিলেকশন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চিত না করলে ১ম পর্যায়ের সিলেকশন এবং আবেদন বাতিল হবে)	১১/০৬/২০১৮ থেকে ১৪/০৬/২০১৮
২য় পর্যায়ে আবেদন গ্রহণ	১৯/০৬/২০১৮ থেকে ২০/০৬/২০১৮
পছন্দগ্রহণ অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	২১/০৬/২০১৮
২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২১/০৬/২০১৮
২য় পর্যায়ের শিক্ষার্থীর সিলেকশন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চিত না করলে ২য় পর্যায়ের সিলেকশন এবং আবেদন বাতিল হবে)	২২/০৬/২০১৮ থেকে ২৩/০৬/২০১৮
৩য় পর্যায়ে আবেদন গ্রহণ	২৪/০৬/২০১৮
পছন্দগ্রহণ অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	২৫/০৬/২০১৮
৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২৫/০৬/২০১৮
৩য় পর্যায়ের শিক্ষার্থীর সিলেকশন নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চিত না করলে ৩য় পর্যায়ের সিলেকশন এবং আবেদন বাতিল হবে)	২৬/০৬/২০১৮
ভর্তি	২৭/০৬/২০১৮ থেকে ৩০/০৬/২০১৮
ক্লাস শুরু	০১/০৭/২০১৮

